

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৪৭

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতের জন্য প্রতীক্ষাকারীর জন্য মহান আল্লাহ অনুগ্রহ করে সালাত আদায় করার সাওয়াব লিপিবদ্ধ করেন

ذِكْرُ تَفْضِيلِ اللَّهِ جَلَّ وَعَلَا بِكَتْبِهِ الصَّلَاةَ لمنتظريها

## আরবী

1747 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِت عَنْ أَنس

أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخَّرَ صَلَاةَ الْعِشَاءِ حَتَّى إِذَا كَانَ شَطْرُ اللَّيْلِ ثُمَّ جَاءَ فَقَالَ: (إِنَّ النَّاسَ قَدْ صَلَّوْا وَنَامُوا وَإِنَّكُمْ لَنْ تَزَالُوا فِي صَلَاةٍ مُذِ انْتَظَرْتُمْ) قَالَ أَنسٌ: فَكَأْنِي أَنظر إلى وبيص خاتمه.

الراوي: أنس المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1747 | خلاصة حكم المحدث : صحيح ـ ((الثمر المستطاب))

## বাংলা

১৭৪৭. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একরাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত আদায়ে বিলম্ব করেন, এমনকি রাতের অর্ধাংশ চলে যায়। তারপর তিনি আসেন এবং বলেন, "নিশ্চয়ই অন্যান্য লোকজন সালাত আদায় করেছে এবং তারা ঘুমিয়েছে। আর তোমরা ততক্ষন পর্যন্ত সালাত আদায়ে রত আছো বিবেচিত হবে, যতক্ষন পর্যন্ত তোমরা সালাতের অপেক্ষায় থাকো।" আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি যেন তাঁর আংটির উজ্জ্বলতা দেখতে পাচ্ছি।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৬৭; সহীহ মুসলিম: ৬৪০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫৭; সহীহ আল বুখারী: ৫৭২; নাসাঈ: ১/২৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৭৬।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সামারুল মুস্তাতা-ব)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন